

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৫.২০.২০

তারিখ: ২৬ পৌষ ১৪২৯

১০ জানুয়ারি ২০২৩

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৯৯০৩/২০২২
এবং ১০৬১১/২০২২ পরিচালনা সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ-এর আওতাধীন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক-কর্মচারীগণ মহামান্য হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রিম কোর্ট-এ রিট পিটিশন দায়ের করেছেন। দায়েরকৃত রিট পিটিশনের সংক্ষিপ্ত বিবরণ নিম্নরূপ:

ক্র:নং	মামলা নং	যে সংক্রান্ত মামলা	বাদীর নাম ঠিকানা	বিবাদীর নাম	পরিচালনা কর্তৃপক্ষ
১.	৯৯০৩/২০২২	ইন্টিমেশন ফরম গ্রহণপূর্বক রেজিস্ট্রেশন কার্ড ইস্যুকরতঃ আইনজীবী তালিকাভুক্তির পরীক্ষায় অংশগ্রহণ সংক্রান্ত।	জনাব সাইফুল্লাহ সিদ্দিক, এলএলবি (অনার্স) গং।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও চেয়ারম্যান, মাধ্যমিক ও বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনসহ মোট ০৬(ছয়) জন।	চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন
২.	১০৬১১/২০২২	পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহের শিক্ষক নিয়োগ ও পদোন্নয়নের যুগোপযোগী নীতিমালা প্রণয়নের ক্ষেত্রে ন্যূনতম যোগ্যতা নির্ধারণ সংক্রান্ত।	জনাব আল-আমিন হোসেন, বাড়ি-২৪৯, মির্জাপুর, তালা, সাতক্ষীরা।	সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও চেয়ারম্যান, মাধ্যমিক ও বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনসহ মোট ০৪(চার) জন।	চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন

০২। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৯৯০৩/২০২২ এবং ১০৬১১/২০২২ সচিব মহোদয়ের পক্ষে পরিচালনার প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণপূর্বক ডাটা বেইজে এন্ট্রি করে এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

১০-১-২০২৩

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

ইমেইল: law.section1@shed.gov.bd

চেয়ারম্যান

চেয়ারম্যান এর দপ্তর

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.০৪.০০৫.২০.২০/১(৩)

তারিখ: ২৬ পৌষ ১৪২৯

১০ জানুয়ারি ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ২) সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা



১০-১-২০২৩

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব